



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ৩.২.২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

৪ঠা ফেব্রুয়ারি ২০১৮ রোববার সকাল ১০ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষদের উপস্থিতিতে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক শিক্ষা সমাবেশ আয়োজন করা হয়েছে। উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কলেজ অধ্যক্ষদের উদ্দেশ্যে দেশের উচ্চশিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে দিকনির্দেশনাপূর্ণ ভাষণ দান করবেন। এছাড়া তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১০টি স্থাপনা ও ১টি প্রকল্প যথা- ১. মুক্তিযুদ্ধ বঙ্গবন্ধু ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট, ২. 'স্বাধীনতা' ম্যুরাল, ১৯৫২-১৯৭১, ৩. ডরমিটরি ভবন, ৪. আইসিটি ভবন, ৫. সিনেট ভবন, ৬. কর্মকর্তা ভবন, ৭. কর্মচারী ভবন, ৮. বরিশাল আঞ্চলিক কেন্দ্র, ৯. রংপুর আঞ্চলিক কেন্দ্র, ১০. চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র, ১১. কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্প (CEDP)-এর ভিত্তিপ্রস্তর স্থাপন ও শুভ উদ্বোধন ঘোষণা করবেন।

উল্লেখিত সমাবেশে যোগদানের জন্য সারাদেশ থেকে ২০৪৯ জন কলেজ অধ্যক্ষ নাম নিবন্ধন করেছেন। এছাড়া মন্ত্রিপরিষদের সম্মানিত সদস্য, মাননীয় উপদেষ্টা, সংসদ সদস্য, বিশিষ্ট শিক্ষাবিদ ও নাগরিক সমাজের আমন্ত্রিত প্রতিনিধিবৃন্দ এ শিক্ষা সমাবেশে উপস্থিত থাকবেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়